

11th Round of Foreign Office Consultations between India and South Africa

August 03, 2022

ভারত ও দক্ষিণ আফ্রিকার মধ্যে একাদশতম বিদেশ দপ্তর পরামর্শ

অগাস্ট 03, 2022

ভারত ও দক্ষিণ আফ্রিকার মধ্যে বিদেশ দপ্তর পরামর্শের একাদশতম অধিবেশন 03 অগাস্ট 2022 তারিখে নিউ দিল্লিতে অনুষ্ঠিত হয়েছে। আলোচনাটিতে যুগ্মভাবে পৌরোহিত্য করেছেন শ্রী পুনীত আর কুন্দল, যুগ্ম সচিব (পূর্ব ও দক্ষিণ আফ্রিকা), বিদেশ মন্ত্রক এবং দক্ষিণ আফ্রিকা প্রজাতন্ত্রের আন্তর্জাতিক সম্পর্ক ও সহযোগিতা দপ্তরের এশিয়া ও মধ্য প্রাচ্যের কার্যকরি ডেপুটি ডিরেক্টর জেনারেল, শ্রীমতী টোশ্বিষোডওয়া সুতুকাজি লালি।

2. উভয় পক্ষ, রাজনৈতিক আদানপ্রদান, অর্থনৈতিক এবং বাণিজ্যিক বিষয়সমূহ, কনসুলার বিষয়ক, কৃষিক্ষেত্রে সহযোগিতা, স্বাস্থ্য, শক্তি ও খনিজ দ্রব্য, মানব সম্পদ বিকাশ, শিল্প, সংস্কৃতি, ক্রীড়া এবং ভারতে পুণঃপ্রচারের জন্য দক্ষিণ আফ্রিকা থেকে চিতার আমদানি ঘিরে দ্বিপাক্ষিক সম্পর্কের আগাগোড়া পর্যালোচনা করেছে। উভয়পক্ষ মধ্যস্থতাধীন মৌ/ চুক্তিগুলির আবস্থা নিয়েও পর্যালোচনা করেছে এবং উভয় দেশের পারস্পরিক সুবিধার্থে সেগুলির দ্রুত চূড়ান্তকরণে সম্মত হয়েছে। দুই দেশের মধ্যে মৈত্রির আসন্ন 30 বছর সম্পন্ন হবার আলোকে, সংস্কৃতিক, ক্রীড়ানুষ্ঠান এবং অন্যান্য কর্মকান্ডের মাধ্যমে ভারত ও দক্ষিণ আফ্রিকা উভয় দেশে সুবিধা অনুযায়ী উদযাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

3. উভয় পক্ষ দ্বিপাক্ষিক বাণিজ্যের অগ্রগতিতে তাদের সন্তোষ প্রকাশ করেছে, যেটি 2021-22-এ 17 বিলিয়ন মার্কিন ডলারকে স্পর্শ করেছে এবং তাদের বাণিজ্যকে আরও বিভিন্নমুখী করার গুরুত্বের প্রতি সহমত প্রকাশ করেছে।

4. উভয় পক্ষ ইউএন, ব্রিক্স, আইবিএসএ এবং আইওআরএ-তে সহযোগিতা সহ আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়গুলি নিয়ে মত বিনিময় করেছে। দক্ষিণ আফ্রিকা তরফ থেকে আসন্ন জি20-তে ভারতের সভাপতিত্বকে সমর্থন করার বিষয়ে আশ্বস্ত করা হয়েছে এবং ভারতের তরফ থেকে 2023-এ ব্রিক্স-এ সভাপতি পদের জন্য দক্ষিণ আফ্রিকাকে সমর্থন করার কথা ব্যক্ত করা হয়েছে। উভয় পক্ষ আঞ্চলিক বিষয়, বৈশ্বিক ঘটনাবলী এবং ইউক্রেনের পরিস্থিতি সহ অভিন্ন স্বার্থের বিষয়গুলি নিয়ে আলোচনা করেছে।

5. দুই তরফ, দ্বিপাক্ষিক সম্পর্কের গতি বজায় রাখার জন্য উচ্চ পর্যায়ের আদানপ্রদান এবং জয়েন্ট কমিশন এবং বিভিন্ন জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের মত প্রাতিষ্ঠানিক কর্ম প্রক্রিয়ার নিয়মিত বৈঠক চালিয়ে যেতে সম্মত হয়েছে। ভারতের তরফ থেকেও আন্তর্জাতিক সৌর জোট এবং দুর্যোগ প্রতিরোধী পরিকাঠামো জোটে অংশগ্রহণের জন্য দক্ষিণ আফ্রিকাকে আবারও আমন্ত্রণ জানানো হয়েছে।

6. একটি বন্ধুত্বপূর্ণ এবং আন্তরিক পরিবেশে আলোচনাটি অনুষ্ঠিত হয়েছে। উভয়পক্ষ পরবর্তী দফার আলোচনাটি পারস্পরিক এক সুবিধাজনক তারিখে প্রিটোরিয়াতে আয়োজন করার জন্য সম্মত হয়েছে।

নিউ দিল্লি
অগস্ট,03,2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.